পেরুকে কাঁদিয়ে বিশ্বকাপে অস্ট্রেলিয়া

পেরুকে কাঁদিয়ে আসন্ন কাতার বিশ্বকাপে ৩১তম দল হিসেবে নিজেদের জায়গা পাকা করল অস্ট্রেলিয়া। আন্তঃমহাদেশীয় প্লেঅফে টাইব্রেকারে গড়ানো ম্যাচের সুবাদে এ নিয়ে টানা পঞ্চম বার এবং সবমিলিয়ে ষষ্ঠবারের মতো বিশ্বকাপের মূল পর্বে খেলবে ক্যাঙ্গারুরা। কাতার বিশ্বকাপে গ্রুপ ডিতে তাদের প্রতিপক্ষ ফ্রান্স, ডেনমার্ক এবং তিউনিশিয়া।

কাতারের আহমেদ বিন আলি স্টেডিয়ামে নির্ধারিত ৯০ মিনিট ও অতিরিক্ত ৩০ মিনিট শেষেও গোলের দেখা পায়নি কোনো দল। শেষে বিশ্বকাপে যাওয়ার ভাগ্য নির্ধারিত হলো টাইব্রেকারে। টাইব্রেকারে পেরুকে ৫-৪ গোলে হারিয়ে বিশ্বকাপের টিকিট পেল অস্ট্রেলিয়া।

টাইব্রেকারে অস্ট্রেলিয়াকে জিতিয়ে আনার নায়ক তাদের ৩৩ বছর বয়সি পেনাল্টি বিশেষজ্ঞখ্যাত গোলরক্ষক রেডমেইন। টাইব্রেকারের শুরুটা ভালো ছিল না অস্ট্রেলিয়ার। তাদের প্রথম শট থেকেই গোল করতে ব্যর্থ হন মার্টিন বয়েল। তবে তার পর টানা পাঁচটি শটই জালে জড়ান অস্ট্রেলিয়ানরা।

পেরুর প্রথম দুটি শট থেকে গোল হলেও তৃতীয় শটে এসে রেডমেইনের সামনে আটকে যান ডিফেন্ডার লুইস আদভিনকুলা। এর পর পেরুর আরও একটি শট ঠেকিয়ে অস্ট্রেলিয়াকে বিশ্বকাপে তুলে নেন রেডমেইন। খেলা শেষ হওয়ার মাত্র মিনিট তিনেক আগে নিয়মিত গোলরক্ষক ম্যাথিউ রায়ানের বদলি হিসেবে তাকে মাঠে নামান কোচ। কোচের আস্থার প্রতিদান কী দারুণভাবেই না দিলেন রেডমেইন।

১৬ মাস পর লাল বল হাতে নিয়ে ৩

উইকেট মোস্তাফিজের

সংক্ষিপ্ত ফরম্যাটের নিয়মিত বোলার মোস্তাফিজুর রহমান। টেস্ট খেলতে আগ্রহী নন তিনি। লাল বলের চুক্তিতেও নেই এ খেলোয়াড়। তবু দুই পেসার তাসকিন ও শরিফুলের ইনজুরিতে বিসিবির চাপের মুখে উইন্ডিজ সফরে টেস্ট দলে যুক্ত হয়েছেন তিনি।

খেলেছেন কুলিজ ক্রিকেট গ্রাউন্ডে প্রেসিডেন্ট একাদশের বিপক্ষে তিন দিনের প্রস্তুতি ম্যাচ। এর আগে গত বছর ফেব্রুয়ারিতে এই ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষেই চট্টগ্রাম টেস্টে নেমেছিলেন মোস্তাফিজ।

আর ১৬ মাস পর লাল বল হাতে নিয়েই ভেলকি দেখালেন তিনি। বল করতে নেমে প্রথম ওভারেই ২ উইকেট নিয়েছেন মোস্তাফিজ। মোট ৩ উইকেট শিকার করেছেন কাটার মাস্টার। ৬ ওভারে অবশ্য ৩৪ রান দিয়ে ফেললেও ৩ উইকেট ঠিকই উড়িয়ে দেন প্রতিপক্ষের। একটি মেডেনও রয়েছে তার মধ্যে।

লাল বলে মোস্তাফিজের দারুণ কামব্যাকের দিনে টেস্টটি ড্র হয়েছে। ৪ উইকেটে ২০১ রান নিয়ে তৃতীয় দিন শুরু করা প্রেসিডেন্ট একাদশ ৩৫৯ রান করে ইনিংস ঘোষণা করে।

এর আগে বাংলাদেশ দল প্রথম ইনিংসে ৭ উইকেট হারিয়ে ৩১০ রানে ইনিংস ঘোষণা করেছিল।

দ্বিতীয় ইনিংসে মাহমুদুল ও মিরাজের সৌজন্যে বাংলাদেশ ২০ ওভারে ১ উইকেটে হারিয়ে ৪৭ রান করেছে। বাংলাদেশ ক্যারিবীয়দের প্রথম ইনিংসের রান থেকে ২ রানে পিছিয়ে থাকাবস্থায় দুদল ড্র মেনে নিয়েছে।

শিরোপা নির্ধারনী ম্যাচ

মুখোমুখি মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও রংপুর শিশু নিকেতন স্কুল

একের পর এক শক্তিশালী ক্রিকেট দলকে পেছনে ফেলে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেটে শিরোপা নির্ধারনী ম্যাচে খেলবে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়। শিরোপা নির্ধারনী ম্যাচে এবার তারা মুখোমুখি হবে রংপুর শিশু নিকেতন উচ্চ বিদ্যালয়ের।

গত শনিবার মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ক্রিকেট টীম খুলনার গাজী মেমোরিয়াল স্কুলকে ৩ উইকেটে হারিয়ে ফাইনালে উঠার যোগ্যতা অর্জন করে।

খুলনার গাজী মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়কে ৩ উইকেটে হারিয়ে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট ২০২১-২২ এর ফাইনাল নিশ্চিত করে দূর্দান্ত দাপুটে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় দল।

রাজধানীর সিটি ক্লাব গ্রাউন্ডে সেমি ফাইনালে টসে হেরে প্রথমে ব্যাট করতে নেমে ১৫৮ (৪২.৫ ওভার) রানে গুটিয়ে যায় গাজী মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়। ৩৭.৪ ওভারেই জয়ের লক্ষ্যে পৌঁছে যায় মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়।

৩১ রান দিয়ে ৪ উইকেট আদায় করে ম্যাচ সেরা হয়েছেন মেহেরপুর সরকারী উচ্চ বিদ্যালয় দলের মোঃ সোহানুর রহমান।আগামীকাল ১৩ জুন প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট প্রতিযোগিতার শিরোপা নির্ধারণী ম্যাচে আগামীকাল মুখোমুখি হচ্ছে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও রংপুর শিশু নিকেতন স্কুল।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় অধিনায়ক ইশতিয়াক আহমেদ জিহান বলেন, আগের ভুল গুলো থেকে শিক্ষা নিয়ে ফাইনালে ভালো করবো।

সুস্থ প্রতিদ্বন্দ্বিতায় বিকশিত হোক আমাদের কিশোরদের প্রতিভা। যে প্রতিভা একসময় তারুণ্যের জয়গান শোনাবে আমাদের দেশ, আমাদের জাতিকে সেরা হওয়ার লড়াইয়ে প্রাইম ব্যাংক জাতীয় স্কুল ক্রিকেট ২০২১-২২ এর ফাইনাল দেখতে চোখ রাখুন আগামীকাল ১৩ জুন ২০২২, শুধুমাত্র টি-স্পোর্টসে।

ব্রাজিল তারকাকে হত্যার হুমকি, গ্রেফতার সেই তরুণ

হত্যার হুমকি পেয়েছেন ব্রাজিলিয়ান তারকা ফুটবলার উইলিয়ান। এ ঘটনায় ২১ বছর বয়সি এক তরুণকে গ্রেফতার করেছে স্থানীয় পুলিশ।

পুলিশ জানিয়েছে, উইলিয়ানকে সামাজিক যোগাযোগমাধ্যমে গুলি ও চাকু দেখিয়ে হত্যার হুমকি দিয়েছিলেন সেই তরুণ।
ব্রাজিলের ক্লাব করিন্থিয়াসের হয়ে ১৩ ম্যাচ খেলে একটিমাত্র গোল করেছেন ৩৩ বছর বয়সি উইলিয়ান। তাতে সন্তুষ্ট ছিলেন না সেই তরুণ। যে কারণে এ মিডফিল্ডারকে হত্যার হুমকি দিয়ে সেই তরুণ সামাজিক যোগাযোগমাধ্যমে গুলি ও চাকুর ছবি পোস্ট করেন। ক্যাপশনে লেখেন— ‘হয় ভালোবেসে (ভালো) খেল, নয়তো ভয় পেয়ে।’

এমন হুমকি পেয়ে দেরি করেননি উইলিয়ান। সাও পাওলো কর্তৃপক্ষের কাছে বিষয়টি উপস্থাপন করেন। অভিযোগ করেন।

ব্রাজিলিয়ান তারকার অভিযোগ আমলে নিয়ে বাররা ফুন্দার স্ট্র্যাটেজিক স্পেশাল অপারেশন্স ডিভিশনের অধীনে শুরু হয় তদন্ত। অভিযোগের অল্প কিছু দিনের মধ্যেই গ্রেফতার করা হয় সেই তরুণকে।

তরুণকে গ্রেফতারে বিষয়ে সাওপাওলো পুলিশ কমিশনার সিজার সাদ সাফ বলেছেন, খেলোয়াড়দের থেকে ভালো পারফরম্যান্স প্রত্যাশা করাতে পারে যে কেন সমর্থক। এটি সাধারণ ব্যাপার। কিন্তু যত যাই হোক, হত্যার হুমকি কখনও গ্রহণযোগ্য নয়। এটি অপরাধ।

এদিকে গ্রেফতার হয়ে সেই তরুণ জানিয়েছেন, তার সেই হুমকি ছিল শুধু আবেগের বশে। তিনি বুঝতে পারেননি, তার এ বার্তাকে এত গুরুত্বের সঙ্গে নেওয়া হবে।

ক্যারিয়ারের বড় একটি সময় ইংল্যান্ডের ক্লাব চেলসি ও আর্সেনালে খেলেছেন ব্রাজিলিয়ান তারকা ফুটবলার উইলিয়ান। ১৫ বছর ইউরোপে খেলে এখন নিজ দেশের ক্লাব করিন্থিয়াসে ফিরেছেন। তবে উল্লেখযোগ্য পারফরম্যান্স দেখাতে পারছেন না এখবধি।

তথ্যসূত্র: মিরর, মার্কা

বাবরের বিরল ভুলে পাকিস্তানের পেনাল্টি

ব্যাট হাতে ফর্মের তুঙ্গে বাবর আজম। সেঞ্চুরির পর সেঞ্চুরি হাঁকিয়ে যাচ্ছেন। কোনো শটই যেন ভুল করছেন না ইদানীং। তবে এবার ফিল্ডিংয়ে একটি ভুল করে বসলেন পাকিস্তান অধিনায়ক। যার শাস্তি হিসেবে ৫ রান পেনাল্টি গুনল তার দল।

ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজের দ্বিতীয় ওয়ানডের প্রথম বলেই ভুলটি করেন বাবর। স্পিনার মোহাম্মদ নওয়াজের বল স্কয়ার লেগে দিকে ঠেলে রান নিতে ছোটেন আলজারি জোসেফ। একটি রান অনায়াসেই হয়। উইকেটরক্ষক মোহাম্মদ রিজওয়ান ছুটে যান বলের পেছনে।

দৌড়ে ছন্দ পেতে আর বল তুলে ছুড়ে মারতে এক হাতের গ্লাভস খুলে মাঠে রেখে ছোটেন রিজওয়ান।

এদিকে কিপিংয়ের শূন্যস্থান পূরণে ছুটে আসেন বাবর আজম। দাঁড়ান কিপারের জায়গায়, রিজওয়ান বল থ্রো করলেই তা তালুবন্দি করবেন সেই লক্ষ্যে। এ সময় মাঠে পড়ে থাকা কিপারের গ্লাভটি হাতে পরে ফেলেন বাবর।

রিজওয়ানের থ্রো থেকে বল হাতে জমান তিনি গ্লাভ পরা ওই হাতেই। আর এটিই বাবরের ছোট্ট একটি ভুল, যা এর আগে করেননি কোনো অধিনায়ক।

নিয়ম অনুযায়ী, উইকেটরক্ষক ছাড়া আর কোনো ফিল্ডার গ্লাভস পরতে পারেন না। বাবর সেই নিয়ম ভাঙায় পাকিস্তানকে ৫ রানের পেনাল্টি দেন মাঠের আম্পায়ার।

বাবরের এই ভুলে অবশ্য কোনো প্রভাব পড়েনি পাকিস্তান দলের ম্যাচ জেতায়। কারণ ২৭৬ রানের তাড়ায় বাবরের ভুলের আগে ওয়েস্ট ইন্ডিজের রান ছিল ৭ উইকেটে ১৩১। অর্থাৎ পাকিস্তান তখন জয়ের অপেক্ষায় সময় গুনছিল।

ওই ঘটনার কিছু পরেই ১৫৫ রানে গুটিয়ে যায় ওয়েস্ট ইন্ডিজ।

খেলোয়াড় নিয়ে ‘কেলেঙ্কারি’, বিশ্বকাপ থেকে ‘বাদ’ পড়তে পারে ইকুয়েডর

আসন্ন কাতার বিশ্বকাপে লাতিন আমেরিকা অঞ্চল থেকে আর্জেন্টিনা- ব্রাজিলের সঙ্গে সরাসরি জায়গা করে নিয়েছে ইকুয়েডর। তবে তাদের বিশ্বকাপের টিকেট কেড়ে নিতে পারে ফিফা।

কারণ অভিযোগ ওঠেছে বিশ্বকাপ বাছাইয়ে জন্ম নিবন্ধনের কাগজ জালিয়াতি করে বায়রন কাসতিলোকে খেলিয়েছে ইকুয়েডর। ইকুয়েডরের বিরুদ্ধে এমন গুরুতর অভিযোগ এনেছে চিলি। যারা লাতিন আমেরিকা অঞ্চলের বাছাইয়ে সপ্তম হওয়ায় বিশ্বকাপে জায়গা করে নিতে পারেনি।

চিলির অভিযোগ বায়রন কাসতিলো হলেন একজন কলম্বিয়ান। কিন্তু জালিয়াতি করে তাকে ইকুয়েডরের নাগকির দেখিয়ে খেলানো হয়েছে। চিলির পক্ষে লড়া আইনজীবী কোর্টে দাবি করেছেন, ইকুয়েডরের খেলোয়াড়ের জন্মসনদ নিয়ে জালিয়াতি করার বিষয়টি তারা প্রমাণ দেখাতে পেরেছেন। তিনি প্রমাণ দেখিয়েছেন ওই খেলোয়াড়ের বাবা-মা এবং সে কলম্বিয়াতে জন্ম নিয়েছিলেন।

বিষয়টি নিয়ে ফিফার কাছ থেকে আনুষ্ঠানিক বিবৃতি আসবে। সেখানেই ইকুয়েডরকে বাদ দেওয়ার ঘোষণা থাকতে পারে।

এর আগে চিলির অভিযোগের প্রেক্ষিতে বিষয়টি আনুষ্ঠানিকভাবে তদন্ত করার ঘোষণা দেয় ফুটবল বিশ্বের নিয়ন্ত্রক সংস্থা ফিফা। বিশ্বকাপ বাছাইয়ে বায়রন কাসতিলো ইকুয়েডরের হয়ে মোট আটটি ম্যাচে খেলেছেন। তিনি যে আটটি ম্যাচে খেলেছেন সেই আটটি ম্যাচে পাওয়া ইকুয়েডরের সব পয়েন্ট কেটে নেওয়া হবে।

এতে করে তারা পয়েন্ট টেবিলের তলানিতে চলে যাবে। অন্যদিকে ইকুয়েডরের বদলে বিশ্বকাপে জায়গা করে নেবে অভিযোগকারী চিলি।

বিশ্বকাপের ট্রফি এখন ঢাকায়

বিশ্বকাপের ট্রফি এখন ঢাকায় ।

গত মার্চে দুবাই থেকে ফিফা বিশ্বকাপ ট্রফি ঘুরছে। গন্তব্য বিশ্বের ৫১ দেশের শহর। নানা দেশ নানা শহর ঘুরে কাতার পৌঁছবে ট্রফি।

বুধবার বেলা সাড়ে ১১টার দিকে বাংলাদেশে এসে পৌঁছেছে বিশ্বকাপের ট্রফি। বাণিজ্যিক কোনো ফ্লাইটে নয়, চার্টার্ড বিমানে আসবে ক্রীড়া বিশ্বের অন্যতম আকর্ষণীয় এ সোনায় মোড়ানো ট্রফিটি।

চার্টার্ড বিমানে ট্রফির সঙ্গে থাকবেন ফিফার সাত কর্মকর্তার মধ্যে একজন ১৯৯৮ সালে বিশ্বকাপ চ্যাম্পিয়ন দলের সদস্য ক্রিশ্চিয়ান কারেম্বু। সঙ্গে থাকবেন ফিফার অফিসিয়াল পার্টনার কোকা-কোলার কয়েকজন কর্তাব্যক্তি।

মঙ্গলবার বিশ্বকাপের ট্রফিটি পাকিস্তান পৌঁছেছে। পাকিস্তান থেকে বুধবার সকালে বাংলাদেশে আসবে। ঢাকা থেকে ট্রফিটি পূর্ব তিমুরের উদ্দেশে রওনা হবে। এটি কখন ঢাকা ছাড়বে সেটি এখনো নিশ্চিত হতে পারেনি বাংলাদেশ ফুটবল ফেডারেশন (বাফুফে)।

বাফুফের সাধারণ সম্পাদক আবু নাঈম সোহাগ বলেন, বাংলাদেশ থেকে কোন সময় ট্রফি পূর্ব তিমুরের উদ্দেশে রওনা হবে, এটি বুধবারই জানা যাবে।

তিনি আরও বলেন, ৮ জুন ট্রফি প্রদর্শনী নেই। এদিন শুধু বঙ্গভবন ও গণভবনে ট্রফি যাবে। পর দিন বিকালে আর্মি স্টেডিয়ামে কনসার্ট হবে। সেই কনসার্টে জনসাধারণের প্রবেশ থাকলেও ছবি তোলার সুযোগ থাকবে সীমিত।

বুধবার রাতে একটি বিশেষ নৈশভোজ থাকবে। সেখানে দেশের গণ্যমান্য ব্যক্তিরা আমন্ত্রিত। পর দিন সকালে হোটেল র্যাডিসনে একটি বিশেষ সেশন থাকবে ফুটবলাঙ্গনের জন্য। সেই সেশনের পর বিকালে রাজধানীর আর্মি স্টেডিয়ামে কনসার্টে ট্রফি উন্মুক্ত থাকবে।

কাতারে বিশ্বকাপের কাউন্টডাউন ঘড়ি

কাতারে ফিফা ফুটবল বিশ্বকাপ টুর্নামেন্ট অনুষ্ঠিত হওয়ার বাকি মাত্র ১৬৯ দিন।

আর এই ক্ষণগণনার জন্য ফিফা বিশ্বকাপের লোগোর মধ্যে মাস, দিন, ঘণ্টা, মিনিট, সেকেন্ড প্রদর্শিত একটি আধুনিক ঘড়ি স্থাপন করা হয়েছে রাজধানী দোহায়।

ক্ষণ গণনা বা কাউন্টডাউনের চমকপ্রদ এই স্থাপনা দর্শনার্থীদের জন্য উন্মোচন করেছে বিশ্ববিখ্যাত ঘড়ি প্রস্তুতকারী প্রতিষ্ঠান হাভলট।

কাতারের রাজধানী দোহার ব্যস্ততম পর্যটনের স্থান আল কর্নিশ। এখানে ফিফা ফুটবল বিশ্বকাপ উপলক্ষ্যে প্রতিদিন ঘুরতে আসা পর্যটকদের মনে উৎসবের আমেজ যোগাতে ফিফা লোগো সম্বলিত স্ক্রিনে ক্ষণগণনা বা কাউন্টডাউন ঘড়ি স্থাপন করা হয়েছে, যা এখন বেড়াতে আসা পর্যটকদের প্রধান আকর্ষণে রুপ নিয়েছে।

বিদেশি পর্যটকের পাশাপাশি কাতারে বসবাসরত অনেক উৎসুক প্রবাসী বাংলাদেশিরাও ঐতিহাসিক এই ঘড়ি একনজর দেখতে ও ছবি তুলতে ভিড় করছেন কর্নিশে।

নান্দনিক ক্ষণগণনার এই ঘড়ির সামনের দুপাশে সারিবদ্ধ ভাবে উত্তোলন করা হয়েছে বিশ্বকাপে কোয়ালিফাই হওয়া দেশগুলোর পতাকা। চলতি বছরের নভেম্বরের শেষের দিকে শুরু হবে আন্তর্জাতিক এই ফুটবল আসর।

আলমডাঙ্গায় আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন

আলমডাঙ্গা আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া প্রতিযোগিতা ও সাংস্কৃতিক অনুষ্ঠান সম্পন্ন হয়েছে। সোমবার আলমডাঙ্গা এটিম মাঠে এই অনুষ্ঠানের উদ্বোধনের মধ্যদিয়ে ক্রীড়া প্রতিযোগিতা শুরু হয়।

উদ্বোধন ও পুরস্কার বিতরণ অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর এর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান আইয়ুব হোসেন। বিশেষ অতিথি ছিলেন আলমডাঙ্গা পৌর মেয়র হাসান কাদির গনু, শিক্ষা অফিসার শামসুজোহা।

প্রধান অতিথি আইয়ুব হোসেন বলেন, খেলাধুলার মধ্যদিয়ে ছাত্রছাত্রীদের দেহ ও মননের অন্তঃসত্ত্বাকে জাগ্রত করতে হবে। দেশ ও জাতি গঠনে পড়াশোনার পাশাপাশি খেলাধূলা কে অধিক গুরিত্ব দিতে হবে।

অনুষ্ঠানের সভাপতি উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নূর বলেন স্বাস্থ্যই সম্পদ। দেহ গঠন করার উপযুক্ত সময় এই ছাত্রজীবন। বাংলাদেশের ছাত্রছাত্রীরা পড়াশোনার পাশাপাশি খেলাধূলাতে এগিয়ে চলেছে।

গাংনী উপজেলার বালক ও বালিকা দল ফুটবল টুর্নামেন্টে জেলা চ্যাম্পিয়ন

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ ফুটবল টুর্ণামেন্ট ও শেখ ফজিলাতুন্নেছা মুজিব জাতীয় গোল্ডকাপ ২০২২ আয়োজিত খেলায় গাংনী উপজেলা চ্যাম্পিয়ন হয়েছে।

সোমবার বিকেলে মেহেরপুর স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় মেহেরপুর সদর উপজেলাকে পরাজিত করে গাংনী উপজেলা অনুর্ধ-১৭ বালক ও অনুর্ধ ১৭ বালিকা দল চ্যাম্পিয়ন হয়ে উপজেলাবাসীর মুখ উজ্জল করেছে।

জানাগেছে, মেরেহপুর জেলার তিনটি উপজেলার ১৮টি ইউনিয়ন ও একটি পৌরসভা মোট ১৯টি দলের পর্যায়ক্রমে খেলায় অংশ গ্রহন করে। বিভিন্ন দলের সাথে লড়াই করে গাংনী উপজেলা অনুর্ধ-১৭ বালক ও অনুর্ধ-১৭ বালিকা দল ফাইনালে অংশ নেয়। গাংনী উপজেলা বালক দল ৯০ মিনিটের খেলায় ৩-১ গোলে মেহেরপুর সদর উপজেলাকে পরাজিত করে গাংনী উপজেলা চ্যাম্পিয়ন হয়।

একই সাথে সদর উপজেলা বালিকা দলের সাথে গাংনী উপজেলা বালিকা দল খেলায় গোল শুন্য অবস্থায় শেষ করে। পরে ট্রাইব্রেকারের মাধ্যমে ৩-২ গোলে গাংনী উপজেলা বালিকা দল চ্যাম্পিয়ন হয়। খেলা শেষে মেহেরপুর জেলা প্রশাসক ড.মুনসুর আলম খান প্রধান অতিথি হিসেবে বিজয়ীদের হাতে ট্রফি তুলে দেন।

এসময় গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম, সদর উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপন,সহকারি কমিশনার (ভূমি) নাজমুল আলম,বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানগণ উপস্থিত ছিলেন।

খেলা পরিচালনা করেন মোঃ লিটন হোসেন, কুদ্দুস ও রেজাউল হক। খেলায় গাংনী উপজেলার খেলোয়াড়দের টিম ম্যানেজারের দায়িত্ব পালন করেন আমিরুল ইসলাম অল্ডাম, ও কোচ হিসেবে দায়িত্ব পালন করেন নবীনপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক তামজিদুর রহমান মুক্তি।

বালক ও বালিকা উভয় দলের অনুষ্ঠিত টুর্নামেন্টে গাংনী উপজেলার দুটি দলই জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ায় বিভিন্ন মহল খেলোয়াড়দের অভিনন্দন জানিয়েছেন। সেই সাথে এই গৌরব অর্জনে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সামনে আনন্দ উল্লাস করেন ফুটবল প্রেমীসহ খেলোয়াড়বৃন্দরা।